

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৬.১৮.

তারিখ:

১৫ বৈশাখ ১৪২৬
২৮ এপ্রিল ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব তাপস কুমার দত্ত, সহকারি অধ্যাপক (অর্থনীতি), রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ীকে গত ১২.০১.২০১৮ তারিখ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩১.০৩.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। জনাব তাপস কুমার দত্ত তার জবাবে জানান যে, তিনি সুনাম ও দক্ষতার সাথে কর্মরত রয়েছেন। দুর্ভাগ্যের বিষয় তিনি লিভার সংক্রান্ত নানাবিধ জটিলতায় আক্রান্ত হয়ে গত ১২.০১.২০১৮ তারিখ হতে ১২.০৩.২০১৮ তারিখ পর্যন্ত “নার্সিং হোম” এ ভর্তি থাকায় কর্মস্থলে উপস্থিত থাকতে পারেননি। তিনি টেলিফোনে তৎকালীন অধ্যক্ষকে বিষয়টি অবহিত করেন এবং ছুটির জন্য প্রার্থনা করেন। পরবর্তীতে নার্সিং হোম থেকে ছাড়পত্র নিয়ে ১৩/০৩/২০১৮ তারিখে তিনি কর্মস্থলে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন। তিনি অনাকাঙ্ক্ষিত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব তাপস কুমার দত্ত, সহকারি অধ্যাপক (অর্থনীতি), রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তার অননুমোদিত অনুপস্থিতকাল ১২.০১.২০১৮ তারিখ হতে ১২.০৩.২০১৮ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

তারিখ: ২৮.০৪.২০১৯

(মোঃ সোহরাব হোসাইন)

সিনিয়র সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৬.১৮. ২২৭/২০১৯

তারিখ:

১৫ বৈশাখ ১৪২৬
২৮ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব তাপস কুমার দত্ত এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ৯। জনাব তাপস কুমার দত্ত, সহকারি অধ্যাপক (অর্থনীতি), রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।


(জাকিয়া খানম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৫৩২৭৬